

## স্কুল৩৬০-এর শর্তাবলী:

সর্বশেষ সংস্করণ: ২৬শে মে, ২০২৪ খ্রি.

আমাদের পরিষেবা গ্রহণ করার পূর্বে দয়া করে এই শর্তাবলী সতর্কতার সাথে পড়ুন।

স্কুল৩৬০ সফটওয়্যার সমগ্র বাংলাদেশে শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবস্থাপনা পরিষেবা প্রদানকারী সফটওয়্যার। আমাদের রয়েছে প্রতিটি গ্রাহকের সেবার মান উন্নয়ন এবং তাদের সর্বোত্তম পরিষেবা প্রদান করার দায়বদ্ধতা। আমাদের পরিষেবাগুলি সর্বোচ্চ উৎকর্ষ বজায় রাখার জন্য নিম্নলিখিত নিয়মগুলি তৈরি করা হয়েছে। আমাদের এই শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবস্থাপনা সফটওয়্যার পরিষেবা ব্যবহার করার আগে অনুগ্রহ করে খুব সাবধানে পড়ুন। আপনি যদি স্কুল৩৬০ সফটওয়্যার ব্যবহারে সম্মত হন, তাহলে আপনি নিচের শর্তাবলীর সাথে সম্মত এবং আবদ্ধ।

## সফটওয়্যার ব্যবহার শর্তাবলী:

১. স্কুল৩৬০ সফটওয়্যার ব্যবহারে সম্মতি হলে সরাসরি অথবা এলাকভিত্তিক প্রতিনিধির মাধ্যমে অবশ্যই চুক্তিপত্র করতে হবে।
২. সফটওয়্যার ব্যবহারযোগ্য সময় থেকে বিল পরিশোধ পর্যন্ত সফটওয়্যার ব্যবহার হতে বিরত থাকলেও বিল প্রদান করতে হবে। তবে যদি নির্দিষ্ট কোনো মাস ব্যবহার না করলে, সেক্ষেত্রে কোম্পানি অবশ্যই আগে থেকে অবগত করতে হবে।
৩. সফটওয়্যার ব্যবহারের বিল মাসিক/বাৎসরিক কিনা চুক্তিপত্রে অবশ্যই উল্লেখ থাকতে হবে। মাসিক বিল হলে প্রত্যেক মাসের নির্ধারিত তারিখে বিল পরিশোধ করতে হবে। আর বাৎসরিক বিলের ক্ষেত্রে অবশ্যই বছরের শুরুতে অগ্রিম বিল প্রদান করতে হবে।
৪. কোম্পানি কর্তৃক ২৪/৭ অনলাইন সাপোর্ট সার্ভিসের বাহিরে স্ব-শরীরে সাপোর্টের প্রয়োজন হলে স্থানীয় প্রতিনিধির মাধ্যমে সাপোর্ট সার্ভিস গ্রহণ করতে হবে। কোম্পানি থেকে স্ব-শরীরের সাপোর্ট প্রয়োজন হলে অবশ্যই কমপক্ষে দুই দিন আগে অবগত করতে হবে।
৫. স্কুল৩৬০-এর অন্যতম বৈশিষ্ট্য সফটওয়্যার কাস্টোমাইজেবল সুবিধা থাকলেও নতুন কোনো ফিচার সংযুক্ত করতে চাইলে অবশ্যই ডেভেলপমেন্ট চার্জ প্রদান করতে হবে।
৬. আমাদের সফটওয়্যার ব্যবহার করা অবস্থায় অন্য কোনো সফটওয়্যার অথবা আমাদের সার্ভিস রয়েছে এমন কোনো সার্ভিস অন্য কোনো প্রতিষ্ঠান হতে নেয়া যাবে না।
৭. সফটওয়্যার ব্যবহারের সময় কোনো কারিগরি সমস্যার সম্মুখীন হলে দ্রুত সাপোর্ট টিমকে অবহিত করতে হবে এবং নির্দিষ্ট সময় পযন্ত অপেক্ষা করতে হবে।
৮. সফটওয়্যার ব্যবহারের পরবর্তী সময়ে যদি সফটওয়্যার ব্যবহার করতে না চান, তাহলে অবশ্যই কমপক্ষে ১ মাস পূর্বে কোম্পানিকে অবগত করতে হবে।

## স্থানীয় উদ্যোক্তা হওয়ার ক্ষেত্রে শর্তাবলী:

আপনি যদি নিজস্ব এলাকায় একজন সফল উদ্যোক্তা হয়ে আয় করতে চান! তাহলে আপনার জন্য রয়েছে 'স্কুল৩৬০' পরিবারের সাথে কাজ করার সুযোগ। আর আপনি যদি নিজস্ব প্রতিষ্ঠানের মালিক হন তাহলে আপনার জন্য রয়েছে "হোয়াইট লেভেল"(নিজস্ব প্রতিষ্ঠানের নামে) কাজ করার সুযোগ। প্রতিটি গ্রাহকের সেবার মান উন্নয়ন এবং তাদের সর্বোত্তম পরিষেবা প্রদান করায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের পরিষেবাগুলি সর্বোচ্চ উৎকর্ষ বজায় রাখার জন্য নিম্নলিখিত নিয়মগুলি তৈরি করা হয়েছে। আপনি যদি স্কুল৩৬০ পরিবারের সাথে কাজ করতে সম্মত হন, তাহলে আপনি নিচের শর্তাবলীর সাথে সম্মত এবং আবদ্ধ।

১. স্থানীয় প্রতিনিধি হয়ে কাজ করার ক্ষেত্রে ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে এবং অবশ্যই স্মার্টফোন এবং কম্পিউটার চালানোর দক্ষতা থাকতে হবে।
২. মার্কেটিং দক্ষতা উন্নয়ন এবং সফটওয়্যার সম্পর্কে বিস্তারিত জানতে কোম্পানি কর্তৃক অনলাইন/স্ব-শরীরে ট্রেনিং গ্রহণের মানসিকতা থাকতে হবে।
৩. স্কুল৩৬০ পরিবারের সাথে কাজ করা অবস্থায় অন্য কোনো প্রতিষ্ঠান যারা আমাদের সার্ভিসের মত সার্ভিস নিয়ে কাজ করে এমন কোনো কোম্পানির সাথে কাজ করা থেকে বিরত থাকতে হবে।
৪. নিজ এলাকার শিক্ষাপ্রতিষ্ঠানে স্ব-শরীরে সাপোর্ট প্রদানের মানসিকতা থাকতে হবে।
৫. "হোয়াইট লেভেল"(নিজস্ব প্রতিষ্ঠানের নামে) কাজ করার ক্ষেত্রে প্রতিষ্ঠানের বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট প্রদান করতে হবে।

## নিয়ম এবং শর্তাবলীর পরিবর্তন:

কোম্পানি কর্তৃপক্ষ উপরিউক্ত শর্তাবলী পরিবর্তন করার ক্ষমতা রাখে। কোনো প্রকার পূর্ব নোটিশ ব্যতীত কর্তৃপক্ষ শর্তাবলী সংযোজন, বিয়োজন অথবা সংশোধন করতে পারবে। তবে সংযোজন, বিয়োজন অথবা সংশোধন তথ্য অবশ্যই গ্রাহকদের অবগত করতে বাধ্য থাকিবে।